

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট
সমাজকল্যাণ ভবন (৭ম তলা), ১৩২, নিউ ইন্সটান, ঢাকা-১০০০
www.nddtrust.gov.bd

স্মারক নং- ৪১.০৫.০০০০.০০০.০৪.০৫৯.২৫- ৫১৫

১৯ মাঘ ১৪৩২
তারিখঃ ০২ ফেব্রুয়ারি ২০২৬

নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী শিশু ও ব্যক্তিদের এককালীন চিকিৎসা অনুদান প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি
বিজ্ঞপ্তি নম্বর: ৯৯/২০২৫-২৬

সমাজকল্যাণ মন্ত্রণালয়ধীন নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট কর্তৃক ২০২৫-২৬ অর্থবছরে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক পরিচালিত প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপ কর্মসূচির আওতায় নিবন্ধিত নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী (অটিজম, ডাউন সিনড্রোম, বুদ্ধি প্রতিবন্ধিতা, সেরিব্রাল পালসি) শিশু ও ব্যক্তিদের এককালীন চিকিৎসা সহায়তা অনুদান মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস প্রতিষ্ঠান এর মাধ্যমে প্রদান করা হবে। অনুদান গ্রহণে আগ্রহী শিশু/প্রতিবন্ধী ব্যক্তি স্বয়ং বা তার পক্ষে তার পিতা/মাতা/বৈধ অভিভাবক আবেদন করতে পারবেন। জেলা পর্যায়ে আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয়ে এবং ঢাকা মহানগরের জন্য ট্রাস্ট কার্যালয়, সমাজকল্যাণ ভবন (৭ম তলা), ১৩২, নিউ ইন্সটান, ঢাকা-১০০০-এ প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করতে হবে। নির্ধারিত আবেদন ফরম www.nddtrust.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। বিজ্ঞপ্তির তারিখ হতে আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ১৬ মার্চ ২০২৬। অসম্পূর্ণ এবং ই-মেইলে প্রেরিত আবেদন গ্রহণযোগ্য হবে না।


০২/০২/২০২৬
মুহাম্মৎ শাহিনা আক্তার
পরিচালক (উপসচিব)

ও

ব্যবস্থাপনা পরিচালক (অ: দা:)
নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট
ই-মেইল: nddptrust@gmail.com